

## ঢাকা ভার্শিটির ১৩৮ শিক্ষকের বিবৃতি শিক্ষক সমিতিতে একটি দলের সংকীর্ণ স্বার্থে ব্যবহার করা হচ্ছে

বিশ্ববিদ্যালয় রিপোর্টার : ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৩৮ জন শিক্ষক শুক্রবার এক যৌথ বিবৃতিতে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির কার্যকর পরিষদের সংখ্যাগরিষ্ঠ অংশ সমিতিতে একটি রাজনৈতিক দলের সংকীর্ণ স্বার্থে ব্যবহার করার প্রচেষ্টায় গভীর উদ্বেগ প্রকাশ করেছেন।

বিবৃতিতে তারা বলেন, তাদের কতিপয় সাম্প্রতিক সিদ্ধান্ত ও কার্যক্রম ছাত্রদেরকেও সংঘাত ও সংঘর্ষের দিকে ঠেলে দিচ্ছে। এই শিক্ষকগণ বিবৃতিতে আরো বলেন, গত ২ ফেব্রুয়ারী ঢাকা

বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির যেসব সিদ্ধান্ত বিভিন্ন সংবাদপত্রে প্রকাশিত হয়েছে সেগুলোর অধিকাংশ সংকীর্ণ উদ্দেশ্যপ্রণোদিত হওয়ায় সেগুলোর সঙ্গে তারা একমত নন। এছাড়াও শিক্ষক সমিতির যে সাধারণ সভায় এইসব সিদ্ধান্ত গ্রহণ করা হয়, সেই সভার বিস্তৃতিও হস্তান্তরের কারণে অধিকাংশ শিক্ষক পাননি। ফলে স্বল্প সংখ্যক শিক্ষকের উপস্থিতিতে সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে। এই সিদ্ধান্তে অধিকাংশ শিক্ষকের মতামত প্রতিফলিত হয়নি।

(৪-এর পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

### শিক্ষক সমিতিতে একটি

(প্রথম পৃষ্ঠার পর)

বিবৃতিতে শিক্ষকগণ বলেন, গত ৩১ জানুয়ারী জগন্নাথ ও এসএম হলে ছাত্রদের উপর পুলিশ যে নিবিচারে ব্যবস্থা গ্রহণ করে এবং তাতে যে বাড়াবাড়ি করা হয় আমরা তার নিন্দা করি। কিন্তু বর্তমান জটিল রাজনৈতিক পরিস্থিতিতে শিক্ষক সমিতির কার্যকর পরিষদের সদস্যদের গৃহীত সিদ্ধান্তে বিশ্ববিদ্যালয়ের সামগ্রিক পরিস্থিতির অবনতি ঘটেছে।

বিবৃতিতে স্বাক্ষর করেন জেড এম তাহমিনা বেগম, ডঃ জিয়াউশ সামস, আবুল কালাম মনজুর নোরশেদ, ডঃ এরশাদুল বারী, মোহাম্মদ আসাদুজ্জামান, ডঃ আ ফ ম ইউসুফ হায়দার খালেদা খাতুন, ডঃ শাজাহান মিয়া, মুস্তাফিজুর রহমান, ডঃ মোসলেহউদ্দীন আহমদ তারেক, ডঃ আমজাদ হোসেন, প্রফেসর হামিদ উদ্দীন বান, প্রফেসর লুৎফুল হক চৌধুরী, মোঃ আতাউর রহমান, আনোয়ার জাহিদ, সৈয়দ রাশেদুল হাসান, আ কা ফিরোজ আহমদ, তাহমিনা হক, প্রফেসর ইমতিয়াজ মোহাম্মদ, রাজিনা ফেরদৌসী, এ কে এম নজরুল ইসলাম, আনিসুর রহমান প্রমুখ।

### ছাত্রদলের বিশ্বয়

জাতীয়তাবাদী ছাত্রদল কেন্দ্রীয় সংসদের সভাপতি ফজলুল হক মিলন ও সাধারণ সম্পাদক নাজিম উদ্দিন আলম শুক্রবার এক যৌথ বিবৃতিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির নামে এ টি এম জহুরুল হক ও ডঃ আরেফিন সিদ্দিক যে সকল উদ্দেশ্যপ্রণোদিত বক্তব্য বিবৃতি দিচ্ছে, তাতে বিশ্বয় ও দুঃখ প্রকাশ করেছেন। নেতৃত্ব বলায়, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতি একটি অরাজনৈতিক সংগঠন, অথচ ডঃ এ টি এম জহুরুল হক ও আরেফিন সিদ্দিক এ সংগঠনটিকে আওয়ামী লীগের অংশ সংগঠনের ন্যায় ব্যবহার করছেন।

ছাত্রদল সভাপতি ও সাধারণ সম্পাদক ঢাকা বিশ্ববিদ্যালয়ের শ্রদ্ধাভাজন সকল শিক্ষককে এ বিষয়টি গুরুত্বসহকারে উপলব্ধি করার জন্য আহবান জানিয়েছেন।